অবিলম্বে প্রকাশের জন্য: 12/12/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আপস্টেট নিউ ইয়র্কে পাঁচটি প্রজেক্টের জন্য 43 মিলিয়ন মার্কিন ডলারের বেশি FAST NY অনুদান দেওয়ার ঘোষণা করলেন

অ্যালবানি, ইরি, ফুলটন, হারকাইমার এবং অরেঞ্জ কাউন্টিতে অর্থপ্রাপ্তরা বেশি বিকাশের ইন্ডাস্ট্রিতে নির্মাণের জন্য প্রস্তুত সাইট তৈরি করছে

এখন পর্যন্ত 326 মিলিয়ন মার্কিন ডলারের বেশি FAST NY অনুদান দেওয়া হয়েছে

গভর্নর অর্থবছর 26-এর পাশ করা বাজেটে FAST NY তহবিলের জন্য আরো 100 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে Focused Attraction of Shovel-Ready Tracts New York (FAST NY) অনুদান প্রোগ্রামের অধীনে প্রতিযোগিতামূলক ইন্ডাস্ট্রির ব্যবহারের জন্য পাঁচটি সাইটের উন্নয়নের জন্য 43 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হবে। নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) নির্মাণের জন্য প্রস্তুতির শুরু করে দিতে এবং বড় চাকরিদাতা ও হাই-টেক ম্যানুফ্যাকচারিংয়ের কোম্পানিগুলির কাছে এর আকর্ষণ বাড়াতে পুরো স্টেটে সাইটের প্রস্তুতি ও বিকাশের জন্য FAST NY নকশা করা হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) পরিচালিত প্রোগ্রামটি ব্যবসার বিকাশ ও চাকরি তৈরির জন্য নতুন বিনিয়োগকে উৎসাহিত করে এমন সাইটের উন্নয়ন সমর্থন করে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে আরো ডাইভার্সিফাই করবে। এটি শুরুর করার পর থেকে, FAST NY আপস্টেট নিউ ইয়র্কের প্রতিটি অঞ্চলে অবস্থিত 39 সাইটে 326 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছে। FAST NY প্রোগ্রামকে বড় করতে এবং এর সাফল্যকে অগ্রসর করতে গভর্নর Hochul (হোকল) ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর এক্সিকিউটিভ বাজেটে আরো 100 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন।

"FAST NY-এর মাধ্যমে আমরা কার্যকরভাবে আপস্টেট নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলিতে ম্যানুফ্যাকচারিং বাড়াতে পারছি এবং ভালো বেতনের চাকরি আনতে পারছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "শীর্ষ কোম্পানিগুলি নিউ ইয়র্কে আসার সিদ্ধান্ত নিচ্ছে কারণ আমাদের সেরা মানের কর্মশক্তি আছে, এবং অনেক নির্মাণের জন্য প্রস্তুত সাইট সেই আকর্ষণকে বাড়িয়ে দিয়েছে যার ফলে আমাদের স্টেট বিশ্বমানের ব্যবসার জন্য একটি গন্তব্যে পরিণত হয়েছে যারা এখানে তাদের অপারেশন বাড়াতে চান।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "নিউ ইয়র্ক স্টেট গভর্নর Hochul-এর (হোকল) পূর্ণ এবং কেন্দ্রীভূত সমর্থন পেয়ে এবং স্থানীয় এজেন্সিগুলির সাথে পার্টনারশিপ করে সক্রিয়ভাবে তাদের ভবিষ্যৎ গঠন করছে। আমরা পুরো আপস্টেট নিউ ইয়র্কে আরো বেশি নির্মাণের জন্য প্রস্তুত সাইট গঠন করছি, সাস্টেনেবল বিকাশ এবং নিউ ইয়র্কবাসীর জন্য ভালো বেতনের চাকরি নিয়ে আসবে এবং একটি শক্তিশালী অর্থনৈতিক ইকোসিস্টেম তৈরি করার জন্য হাই-টেক ইন্ডাস্ট্রিগুলির প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করছি।"

রাউন্ড 7-এ যারা অর্থ পেয়েছে:

- **মেব্রুক (Maybrook) ভিলেজ, অরেঞ্জ (Orange) কাউন্টি - 25.48 মিলিয়ন মার্কিন ডলার:** এই ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রজেক্টটি অনেক দিন ধরে খালি পড়ে থাকা মেব্রুক রেল ইয়ার্ডে (Maybrook Rail Yard) Switchyard Terminal for Economic and Advanced Manufacturing (STEAM) Rail & Business Park-এর নির্মাণ সম্ভব করবে। অনুদানটি ইনফ্রাস্ট্রাকচারের ইন্সটলেশন, উন্নয়ন এবং এক্সপ্যানশনের তহবিল দিবে যা রাস্তা, পানি, সিউয়ার, এবং ড্রেনেজ ইনফ্রাস্ট্রাকচারকে লাভবান করতে যাচ্ছে। এর ফলে বিদ্যমান নিউ জার্সির (New Jersey) মিডলটাউনে (Middletown) রেল লাইনের মাধ্যমে ছয়টি বিল্ডিং-প্যাড সাইট অ্যাক্সেসিবল হবে। নিউ ইয়র্ক সিটি (New York City) থেকে মাত্র 75 মাইল দূরে কৌশলগত অবস্থানের এই ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নগুলি ভিলেজকে কৌশলী ইন্ডাস্ট্রিকে আকৃষ্ট করা এবং নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারিং ইকোসিস্টেমের একটি মুখ্য অংশ হয়ে উঠার জন্য একটি অর্থনৈতিক কেন্দ্র স্থাপন করার লক্ষ্য অর্জন করার মাধ্যমে আঞ্চলিক অর্থনীতির ক্যাটালিস্ট হিসেবে কাজ করার একটি সুযোগ পাবে।
- **ফুলটন (Fulton) কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টাল এজেন্সি (Industrial Development Agency) - 8.99 মিলিয়ন মার্কিন ডলার:** ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রজেক্টটি পার্থের (Perth) পুরোনো NYS জুভেনাইল কারেকশনাল ফ্যাসিলিটি (NYS Juvenile Correctional Facility), Tryon Technology Park-এর মানানসই নতুন ব্যবহার এবং পুনরুজ্জীবনকে সম্ভব করবে। এই প্রজেক্টের তহবিল পানির পাম্পের স্টেশন এবং মেইনের উন্নয়নে, বর্জ্যপানির পাম্প এবং ফোর্স মেইনের উন্নয়নে, ভেঙ্গে ফেলা ও মাটির কাজে ব্যবহার করা হবে। প্রজেক্টটি 220 একরের সাইটকে এই এলাকায় আসতে ইচ্ছুক ম্যানুফ্যাকচারিং কোম্পানির জন্য 150,000 থেকে 1.3 মিলিয়ন বর্গফুট পর্যন্ত আকারের চারটি ভবন পর্যন্ত আরো নির্মাণের জন্য প্রস্তুত করবে। এই প্রজেক্টের ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন Tryon Technology Park-কে প্রচুর পানি ও বর্জ্যপানির ধারণক্ষমতাকে কাজে লাগাতে দিবে, যা এই সাইটকে কৌশলী কৃষিবাণিজ্য, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, এবং লাইফ সাইন্স বিনিয়োগকে আকৃষ্ট করার অনন্য একটি অবস্থানে স্থাপন করবে।
- **হারকাইমার (Herkimer) কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি - 7.9 মিলিয়ন মার্কিন ডলার:** এই ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের প্রজেক্টের ফলে সেন্ট্রাল নিউ ইয়র্ক বিজনেস সেন্টারে (Central New York Business Center) প্রয়োজনীয় মুখ্য ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন হবে যাতে আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ের জন্য একটি নির্মাণের জন্য প্রস্তুত ইন্ডাস্ট্রিয়াল সাইট দেওয়া যায়। Higby Road-এর গ্যাস মেইনের 2,000 ফুটের উন্নয়ন করতে, আগুনের সুরক্ষার জন্য একটি অনসাইট পানির ট্যাংক নির্মাণ

করতে, নতুন টার্ন লেন এবং ট্র্যাফিক সিগন্যাল, সেই সাথে ভেঙ্গে ফেলা, গ্রেডিং, ঝড়ের পানি, এবং ইউটিলিটির এক্সটেনশনের কাছে তহবিল ব্যবহার করা হবে। সাইটটিতে ডিসট্রিক্টের জন্য প্রতিদিন দুই মিলিয়ন গ্যালন বাড়তি পানির ধারণক্ষমতার এবং প্রতিদিন 2.6 মিলিয়ন গ্যালন বাড়তি বর্জ্যপানির ধারণক্ষমতার অ্যাক্সেস থাকবে। সেন্ট্রাল নিউ ইয়র্ক বিজনেস সেন্টার ফ্র্যাঙ্কফোর্ট (Frankfort) টাউনে কৌশলী অবস্থানে, প্রধান হাইওয়ে এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের কাছে অবস্থিত, কাজ শেষ হয়ে গেলে এটি এমন ইন্ডাস্ট্রির জন্য প্রস্তুত সাইট দিবে যা আধুনিক ম্যানুফ্যাকচারারদের আকৃষ্ট করবে, চাকরি তৈরি করবে, এবং নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারিং অর্থনীতিকে বাড়িয়ে দিবে।

- **Advance Albany County Alliance Local Development Corporation - 500,000 মার্কিন ডলার:** এই প্রি-ডেভেলপমেন্ট প্রজেক্টটি AI Tech Advanced Manufacturing Campus-এ নির্মাণের জন্য প্রস্তুত করার উন্নয়ন সম্ভব করবে। একটি মাস্টার ইঞ্জিনিয়ারিং প্ল্যান (Master Engineering Plan) তৈরি করার জন্য একটি ইঞ্জিনিয়ারিং ফার্মকে নিয়োগ দেওয়া, একটি State Environmental Quality Review Act (SEQR) এবং জেনেরিক এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট (Generic Environmental Impact Statement, GEIS) সার্ভে শেষ করা, সাইটের ইউটিলিটি ইনফ্রাস্ট্রাকচার যাচাই করা (পানি, সিউয়ার, গ্যাস, ঝড়ের পানি, টেলিকমিউনিকেশন), লিগেসি কাঠামো ভেঙ্গে ফেলার জন্য সাইটের প্রস্তুতির পরিকল্পনা, এবং সাবস্টেশন ডিজাইন ও ইঞ্জিনিয়ারিংয়ের জন্য ন্যাশনাল গ্রিডের (National Grid) সাথে কাজ করার জন্য তহবিল ব্যবহার করা হবে। তহবিল ভবিষ্যতের নির্মাতাদের মূল্যবান তথ্য দিবে এবং একটি ভবিষ্যতের Brownfield Cleanup প্রোগ্রামের (Brownfield Cleanup Program, BCP) ট্যাক্স ক্রেডিট অ্যাপ্লিকেশনকে সমর্থন করবে। কাজের এই সুযোগ হলো এই সাইটকে প্রোডাক্টিভ ব্যবহারে ফেরত নিতে এর রিডেভেলপমেন্টের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। প্রজেক্টটি সাইটকে নির্মাণের জন্য তৈরি করার কাজ দ্রুত করবে এবং ভবিষ্যতের নির্মাতাদের জন্য বাজারের প্রবেশ করার গতি বাড়াবে, ফলে এটি কলোনি টাউনে ভালো মানের চাকরির তৈরিকে সমর্থন করবে, এবং অঞ্চলের ইন্ডাস্ট্রিয়াল ক্ষমতা তৈরি করবে।
- **ইরি (Erie) কাউন্টি - 500,000 মার্কিন ডলার:** এই প্রি-ডেভেলপমেন্ট প্রজেক্টটি এলমা পাম্পিং স্টেশন (Elma Pumping Station) এবং ফোর্স মেইন আপগ্রেড প্রজেক্টের মাধ্যমে সিউয়ার এবং বর্জ্যপানির ধারণক্ষমতার উন্নয়নের বাস্তবায়নের সাথে সম্পর্কিত ইঞ্জিনিয়ারিং সেবার নির্মাণের জন্য প্রস্তুতি অগ্রসর করা সম্ভব করবে। প্রজেক্টের ইঞ্জিনিয়ারিং নকশা অগ্রসর করার জন্য আবশ্যিক নকশা এবং অনুমতির কাজের জন্য তহবিল ব্যবহার করা হবে, যা করিডোরকে বাস্তবায়নের জন্য প্রস্তুত করবে। এই ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করিডোরের বর্জ্যপানির ধারণক্ষমতা দ্বিগুণের বেশি করবে এবং এলমা (Elma) টাউনে আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ে চাকরি তৈরির মাধ্যমে ইন্ডাস্ট্রির বিকাশকে সমর্থন করবে।

2022 সালের ফেব্রুয়ারিতে প্রথম ঘোষণা করা FAST NY নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে ডাইভার্সিফাই করতে সাহায্য করে এবং একই সাথে ব্যবসা, কমিউনিটি, এবং চাকরি তৈরির জন্য নতুন বিনিয়োগ তৈরি করে। 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক প্রতিশ্রুতির পর, গভর্নর Hochul (হোকল) অর্থবছর 25 এবং অর্থবছর 26 উভয় স্টেট বাজেটে FAST NY-এর জন্য বাড়তি 100 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন, মোট 400 মিলিয়ন মার্কিন ডলার। FAST NY নিউ ইয়র্ক স্টেটে fairlife, Chobani, Edwards Vacuum, Siemens Mobility এবং Oxbo-এর

মতো কোম্পানির উপস্থিতিকে আকৃষ্ট করেছে বা বাড়িয়ে দিয়েছে। এই কোম্পানিগুলি 2.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে এবং প্রায় 3,000 চাকরি তৈরি করবে।

FAST NY অনুদানগুলো প্রি-ডেভেলপমেন্ট কার্যক্রম এবং ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগের জন্য দেওয়া হয়েছে যা এমন সাইট তৈরি করবে যেগুলি অনেক যোগ্য ইন্ডাস্ট্রিকে আকৃষ্ট করবে, যেমন, হাই-টেক ম্যানুফ্যাকচারিং, সেমিকন্ডাক্টর, ক্লিন-টেক রিনিউয়েবল এনার্জি, লাইফ সাইন্স, কৃষিবাণিজ্য, অপটিক্স, পরিবহনের যন্ত্রপাতি, উপকরণ প্রক্রিয়াজাতকরণ, ইন্ডাস্ট্রিয়াল মেশিনারির ম্যানুফ্যাকচারিং এবং অন্যান্য আধুনিক ম্যানুফ্যাকচারিং। এছাড়াও এই সাইটগুলি ইন্টারস্টেট বিতরণ ও লজিস্টিকের জন্য ব্যবহার করা যেতে পারে। আরো তথ্যের জন্য, বা FAST NY অনুদানের জন্য আবেদন করতে esd.ny.gov/fast-ny ভিজিট করুন।

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "যখন অনেক দশক আগে ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) এবং আপস্টেট নিউ ইয়র্কের কমিউনিটিগুলি থেকে ম্যানুফ্যাকচারিং চলে যায়, তখন এটি মূলত কর্মজীবী মানুষের জন্য অর্থপূর্ণ, ভালো বেতনের চাকরি পাওয়া এবং অগ্রসর হওয়ার ক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করে। FAST NY প্রোগ্রামের মাধ্যমে আমরা ক্যাপিটাল রিজিয়নের ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির ভবিষ্যতে বিনিয়োগ করছি এবং আধুনিক ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির উদ্দেশ্যে কর্মশক্তির বিকাশের মাধ্যমে এটিকে ফেরত আনছি। আমাদের কর্মশক্তি এবং পরিবারকে আধুনিক ম্যানুফ্যাকচারিং সুবিধার সাথে সংযুক্ত করে দিলে জীবন বদলে যাবে, নতুন ক্যারিয়ারের পথ এবং সুযোগ তৈরি হবে, এবং নিশ্চিত করা যাবে যাতে আমাদের কমিউনিটিগুলি শুধু আগামীর অর্থনীতির জন্য তৈরি না থাকে, বরং সেটিকে কাজে লাগাতেও সক্ষম হয়। আজকের 500,000 মার্কিন ডলারের ঘোষণাটি আমাদেরকে সেই লক্ষ্যের কাছে নিয়ে যায়, এবং অ্যালবানিতে AI Tech Advanced Manufacturing Campus-এ সত্যিকারের নির্মাণের জন্য প্রস্তুত সাইটে বিনিয়োগ করার মাধ্যমে আমরা আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ে বিকাশ দ্রুত করছি, আমাদের আঞ্চলিক প্রতিযোগিতাকে জোরদার করছি, এবং আমাদের ক্যাপিটাল রিজিয়নে ভবিষ্যতের হাজার হাজার চাকরির জন্য ভিত্তি স্থাপন করছি। বেশি বিকাশের ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী ইনফ্রাস্ট্রাকচার গঠন করতে, এবং ক্যাপিটাল রিজিয়ন যাতে অর্থনৈতিক সুযোগের আগামী জেনারেশনকে কাজের লাগানোর জন্য তৈরি থাকে তা নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতিশ্রুতির জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

মেব্রুক ভিলেজের মেয়র Dennis Leahy (ডেনিস লেহি) বলেন, "অনেক বছর ধরে মেব্রুক রেল ইয়ার্ড দারুন প্রতিজ্ঞা এবং হারিয়ে ফেলা সুযোগ দুটিরই প্রতীক হয়ে আছে। আজকে, গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব এবং FAST NY প্রোগ্রামের মাধ্যমে আমরা একটি রূপান্তরমূলক অগ্রগামী পদক্ষেপ নিয়েছি। স্টেটের 25 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ অনেক দিন খালি পড়ে থাকা এই প্রোপার্টিকে Switchyard Terminal for Economic and Advanced Manufacturing-এ রূপান্তর করবে, নির্মাণের জন্য প্রস্তুত সাইট তৈরি করবে যা নতুন ধরণের চাকরিদাতাদের আকৃষ্ট করবে এবং মেব্রুক ও অরেঞ্জ কাউন্টিতে অর্থনৈতিক সুযোগ বাড়িয়ে দিবে। আমাদের ইনফ্রাস্ট্রাকচার পুনরুজ্জীবনের মাধ্যমে ভিলেজ আঞ্চলিক অর্থনৈতিক কেন্দ্রের ভূমিকা নিতে প্রস্তুত হবে, এবং আরো শক্তিশালী, আরো সমৃদ্ধ একটি ভবিষ্যৎ গঠনে স্টেটের পার্টনারশিপের প্রতি আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ।"

হারকাইমার কাউন্টির চেয়ারম্যান Peter J. Campione (পিটার জে ক্যাম্পিয়ন) বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্ক বিজনেস সেন্টারে এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ। এই তহবিল আমাদেরকে এমন অতি প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের কাজ শেষ করতে দিবে যা সাইটকে আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ের জন্য প্রস্তুত করবে, চাকরি তৈরি সম্ভব করবে, এবং অঞ্চলের অর্থনৈতিক ভবিষ্যতকে জোরদার করবে। নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারিং অর্থনীতি বিকাশের জন্য গভর্নরের ধারাবাহিক সমর্থন ও প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হলো নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক বিকাশ এজেন্সি, এবং এটি পুরো স্টেটে ব্যবসার বিকাশ, চাকরি তৈরি, এবং বৃহত্তর অর্থনৈতিক সুযোগের প্রচার করে। স্টেটের 10টি অঞ্চলের প্রত্যেকটিতে অফিস নিয়ে ESD রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের তত্ত্বাবধান করে, ConnectALL অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড সমতাকে সমর্থন করে, এবং অফিস অফ স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের মাধ্যমে ভবিষ্যতের কর্মীবাহিনী গঠন করছে। এই এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটে উন্নয়নের জন্য উদীয়মান ও পরবর্তী প্রজন্মের ইন্ড্রাস্ট্রি যেমন পরিবেশ বান্ধব বিদ্যুৎ ও ইলেকট্রিক পণ্য উৎপাদনের সাথে সংযুক্ত, ক্ষুদ্র ববস্য প্রতিষ্ঠানগুলিকে অগ্রগতি ও সাফল্যে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রগগুলির একটি নেটওয়ার্ক পরিচালনা করে এবং আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY)- এর মাধ্যমে স্টেটের বিশ্বামানের পর্যটন কেন্দ্রসমূহের প্রচার করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন esd.ny.gov, এবং যুক্ত হোন ESD-এর সাথে LinkedIn, Facebook এবং X এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন